



নং- ১৯.০১.৩৫১১.০০৪.৩১.০৩১.১৩

১২ মে ২০২৩

নোটিশ

পর্তুগালে বসবাসরত সকল প্রবাসীদের জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের "ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড" এর সুবিধাসমূহ প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, লিসবন প্রবাসীদের নিবন্ধন কার্যক্রম শুরু করেছে। ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কল্যাণমূলক কর্মকান্ড সংক্রান্ত কর্মসূচির সদস্য "নিবন্ধন প্রক্রিয়া" এবং নিবন্ধিত প্রবাসীগণ যে সুবিধাসমূহ প্রাপ্য হবেন তা নিম্নে উল্লেখ করা হল:

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্যপদ গ্রহণের প্রক্রিয়া:

- সর্বোচ্চ ৬৫ বছর বয়সী প্রবাসীগণ সদস্য হতে পারবেন।
- ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড-এর ওয়েবসাইট লিংক: <http://www.wewb.gov.bd/> এ গিয়ে অনলাইনে "সদস্যপদ নিবন্ধন" আবেদন ফরম পূরণ করতে হবে।
- অনলাইনে পূরণকৃত ফরমটির প্রিন্ট কপিসহ (ক) পাসপোর্ট কপি (খ) ভিসা কপি/ রেসিডেন্ট পারমিট এর ফটোকপি (গ) এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করে ৪০ ইউরো ফিসসহ অফিস চলাকালীন সময়ে সকাল ৯:৩০ হতে দুপুর ১২:৩০ ঘটিকায় মধ্যে দূতাবাসে কাউন্টারে দাখিল করতে হবে।
- আবেদন প্রাপ্তির পর প্রয়োজনীয় যাচাইকরণ (১৫ কার্যদিবস) ও প্রক্রিয়া শেষে আপনাকে একটি "সদস্যপদ" নম্বর সম্বলিত কার্ড প্রদান করা হবে।

ওয়েজ আর্নাস বোর্ড এর সদস্যপদ গ্রহণকারী প্রবাসী কর্মী যেসকল সুবিধাসমূহ পাবেন তা হলো:

- মেধাবী সন্তানদের জন্য প্রতিবছর শিক্ষা বৃত্তির সুবিধা।
- সন্তানদের বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রবাসী কোটায় ভর্তির সুযোগ।
- বিপদগ্রস্থ প্রবাসী কর্মীকে বিদেশ হতে দেশে প্রত্যাগমনের ব্যবস্থা।
- অসুস্থ প্রবাসী কর্মীকে বিমানবন্দর হতে এ্যাম্বুলেন্স সেবা প্রদান।
- মৃতদেহ বাংলাদেশে প্রেরণের জন্য পরিবহন খরচ প্রদান।
- মৃতদেহ স্বজনদের নিকট হস্তান্তরের সময় বিমানবন্দরে স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্ক হতে দেশের অভ্যন্তরে লাল পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ (পয়ত্রিশ) হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান।
- প্রবাসে মৃত্যু হলে মৃত কর্মীর পরিবারকে ৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান।
- এছাড়াও ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কল্যাণমূলক সেবা।